দৈনিক
আমাদের সময়

তারিখ 20 JUL 2016
পৃষ্ঠা ১ কলাম ৩

# বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা নিয়ে উপাচার্যদের উদ্বেগ

নিজস্ব প্রতিবেদক ●

সাম্প্রতিক সন্ত্রাসী হামলার ঘটনায় পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা নিয়ে উদ্বেগ জানিয়েছে উপাচার্যদের সংগঠন বিশ্ববিদ্যালয় পরিষদ। ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করে পরীক্ষা নির্বিঘ্নে নেওয়ার জন্য নিরাপত্তা চেয়ে পরিষদের পক্ষ থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে চিঠি দেওয়া হয়েছে। গতকাল রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত পরিষদের স্ট্যান্ডিং কমিটির ২৪৭তম সভা শেষে এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়।

ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ হচ্ছে— ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২৩, ২৪ ও ৩০ সেপ্টেম্বর এবং ২১ ও ২৮ অক্টোবর। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার দিন বিকালে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ১৯ থেকে ২৭ নভেম্বর। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২৩ থেকে ২৭ অক্টোবর। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২৩ থেকে ৩১ অক্টোবর। খুলনা বিশ্ববিদ্যালয়ে ৩ থেকে ৫ নভেম্বর। ইসলামী বিশ্ববিদ্যালয়ে ১৯ থেকে ২৪ নভেম্বর। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এরপর পৃষ্ঠা ৭, কলাম ১

## বিশ্ববিদ্যালয়ে ভর্তি

(শেষ পৃষ্ঠার পর) বিশ্ববিদ্যালয়ে ২৪ থেকে ২৮ নভেম্বর। বরিশাল বিশ্ববিদ্যালয়ে ১৮ থেকে ১৯ নভেম্বর। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ১৩ থেকে ১৭ নভেম্বর। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসে ১৪, ১৫, ২১ ও ২২ অক্টোবর। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২, ৩ ও ৯ ডিসেম্বর। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে ২৬ ডিসেম্বর ফাজিল সম্মান, ৮ থেকে ২০ জানুয়ারি ফাজিল পাস। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ২২ অক্টোবর। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৫ নভেম্বর। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২৬ অক্টোবর। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২৮ অক্টোবর। বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে (তেজগাঁও) ১৮ নভেম্বর। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ৯ ডিসেম্বর। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ২৯ অক্টোবর। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে ৮ নভেম্বর। সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ২৫ নভেম্বর। চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিমেল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ে ৩ ডিসেম্বর। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২৬ নভেম্বর। হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১৮ থেকে ২১ ডিসেম্বর। যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪ থেকে ৭ নভেম্বর। মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১০ ও ১১ ডিসেম্বর। পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২ ডিসেম্বর। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১১ ও ১২ নভেম্বর। পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২৩ ডিসেম্বর।

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য অধ্যাপক মো. আলাউদ্দিন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।